

জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধানও বোরো মৌসুমের জন্য চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি জাত। ইহার কৌলিক সারি বিআরএইচ২। জাতটি ২০০৯ সালে জাতীয় বীজ বোর্ড কর্তক অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ এটি একটি আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১১০ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি মোটা।
- ▶ ভাত ঝরঝরে।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এই জাতের গড় ফলন হেক্টর প্রতি ৯.০ টন।



ব্রি হাইব্রিড ধান

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১-৩০ অগ্রাহায়ণ (১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর)।
২. চারা রোপণ : ১-৩০ পৌষ (১৫ ডিসেম্বর-১৫ জানুয়ারি)।
৩. বীজের হার : ১৫-২০ কেজি/হেক্টর।
৪. চারার বয়স : ৩০-৩৫ দিনের চারা।
৫. রোপণ দূরত্ব : ২০×১৫ সেন্টিমিটার।
৬. প্রতি গোছায় : ১-২ টি

৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা
	৩৬	১৭	১৬	৯	১
৭.১ জমি তৈরির সময়	১২	১৭	১১	৯	১
৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর	১২		৫		
৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর	১২				

অর্থাৎ ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপণের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করাই উত্তম।

৮. আগাছা দমন : রোপণের পর ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনা : ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ পানি বা রসের ব্যবস্থা রাখতে হবে।
১০. রোগ বালাই দমন : অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১১. ফসল পাকা ও কাটা : ২৫ চৈত্র - ৫ বৈশাখ (৮-১৮ এপ্রিল) ৮০% ধান পেকে গেলে কাটতে হবে।

ফ্যাঙ্ক শীটঃ বোরো ধানের জাত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট



আরো তথ্যের জন্য :
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২
ফ্যাঙ্ক শীট ১৭